



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

BANGLADESH POWER DEVELOPMENT BOARD

অর্থ পরিদপ্তর, বিদ্যুৎ ভবন (৭ম তলা), ১ নং আব্দুল গনি রোড, ঢাকা।

ফোন- ০২-২২৩৩৫৫৮৬০, ০১৮১৯২৩৭০৭২

Email: dir.finance@bpd.gov.bd

সার্ভেয়ার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতায় ২০২৬ইং ও ২০২৭ইং ২ (দুই) বৎসরের জন্য পিপিআর, ২০২৫ এর সীমিত দরপত্র পদ্ধতিতে (Limited Tendering Method) কার্য সম্পাদনের নিমিত্তে সার্ভেয়ার তালিকাভুক্তির জন্য বাংলাদেশে প্রতিষ্ঠিত বীমা সার্ভে প্রতিষ্ঠানের নিকট হইতে আবেদনপত্র আহবান করা যাইতেছে। তালিকাভুক্ত প্রতিষ্ঠান সমূহকে বাংলাদেশে ঢাকা বিমান বন্দর, ঢাকা; চট্টগ্রাম সমুদ্রবন্দর, চট্টগ্রাম; মোংলা সমুদ্র বন্দর, মোংলা; বেনাপোল স্থল বন্দর, যশোর; ও অন্যান্য বন্দরের মাধ্যমে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভিন্ন প্রকল্প স্থাপনা, কেন্দ্রীয় ও আঞ্চলিক স্টোর সমূহে বিদেশ হইতে আমদানীকৃত মালামালের বীমা সার্ভে করতে হইবে। বীমা নিয়ন্ত্রক অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ফি অনুযায়ী সার্ভে বিল পরিশোধিত হয়। তালিকাভুক্তির জন্য ৫ (পাঁচ) বছরের কম অভিজ্ঞতা সম্পন্ন সার্ভে প্রতিষ্ঠানের আবেদন করার প্রয়োজন নেই। আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে অত্র দপ্তর হইতে ২,০০০/- (দুই হাজার) টাকা মাত্র অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার উপ-পরিচালক (হিসাব), পিএভিসিও, বিউবো, ঢাকার অনুকূলে প্রদান করত: আবেদন পত্রের ফরম সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাইতেছে।

আগামী ০৩/১২/২০২৫ইং হইতে ১৮/১২/২০২৫ইং পর্যন্ত সময়ে পরিচালক, অর্থ পরিদপ্তর, বিউবো, ঢাকা হইতে আবেদনপত্র সংগ্রহ করা যাইবে। আবেদন পত্র বিদ্যুৎ ভবন (৭ম তলা), ১নং আব্দুল গনি রোড, ঢাকা পরিচালক (অর্থ), বিউবো, ঢাকা এর দপ্তরে রক্ষিত দরপত্র বাঞ্চে আগামী ২২/১২/২০২৫ইং তারিখে দুপুর ১২.০০ ঘটিকা হইতে ১২.৩০ ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে দাখিল করিতে হইবে। আবেদনপত্র সমূহ ঐদিন বেলা ১.০০ ঘটিকায় আবেদনপত্র দাখিলকারী প্রতিনিধিদের (যদি কেহ উপস্থিত থাকেন) উপস্থিতিতে খোলা হইবে। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র গ্রহন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

বিদ্যুৎ/জন- ২৩৬ (৩) ০৮/১১/২৫

(ছালেক আহাম্মদ)
আইডি নং-০৩-০১৪৫
পরিচালক, অর্থ পরিদপ্তর
বিউবো, ঢাকা।

সত্যায়িত
০৮/১১/২৫
মমতাজ পারভীন
উপ-পরিচালক (জলসংযোগ)
আইডি নং-০৮-০০০৬
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।